



জার্মান পর্যটকের হারানো ম্যাকবুক উদ্ধার করে ফেরত দিল পুলিশ



ছবি: সংগৃহীত

জার্মান পর্যটক ক্রিস্টা ল্যাভার-ওয়েবারের হারিয়ে যাওয়া ম্যাকবুক উদ্ধার করে তাঁর হাতে তুলে দিয়েছে বাংলাদেশ পুলিশ।

মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে পুলিশ সদর দপ্তরে আনুষ্ঠানিকভাবে ল্যাপটপটি পর্যটকের কাছে হস্তান্তর করেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। এ সময় অতিরিক্ত আইজিপি সহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পুলিশ জানায়, বাংলাদেশের ঐতিহাসিক ও দর্শনীয় স্থান ঘুরে দেখতে গত ২৩ সেপ্টেম্বর দেশে আসেন ক্রিস্টা। পরে ভারতে যাওয়ার উদ্দেশ্যে নাটোর রেলওয়ে স্টেশনে পৌঁছে তিনি অপেক্ষাকক্ষে অবস্থান করছিলেন। সেখান থেকে ল্যাপটপ ও ক্যামেরা রেখে পাশের একটি এটিএম বুথে টাকা তুলতে যান তিনি। ফিরে এসে জিনিস দুটি না পেয়ে নাটোর থানায় গিয়ে পুলিশের সহায়তা চান।

হারানো ল্যাপটপটিতে তাঁর গত ছয় মাসের কর্মকাণ্ডের তথ্যসহ গুরুত্বপূর্ণ নথি সংরক্ষিত ছিল। এ ঘটনায় তাঁর লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে নাটোর সদর থানা, জেলা পুলিশ, রেলওয়ে পুলিশ ও ট্যুরিস্ট পুলিশের সমন্বয়ে একাধিক দল উদ্ধার অভিযান শুরু করে।

পুলিশের অভিযান শেষে রোববার (১১ অক্টোবর) রাত সাড়ে ৯টার দিকে নাটোর সদর থানার কাপুড়িয়াপাড়া এলাকার নূর ক্লাথিং স্টোর থেকে ম্যাকবুকটি উদ্ধার করা হয়।

ল্যাপটপ ফিরে পেয়ে বাংলাদেশ পুলিশের প্রতি কৃতজ্ঞতা জানান ক্রিস্টা ল্যাভার-ওয়েবার। বাংলাদেশ ভ্রমণে নিজের ইতিবাচক অভিজ্ঞতার কথাও তুলে ধরেন তিনি।

বিদেশি পর্যটকের অভিযোগ দ্রুত নিষ্পত্তি, ল্যাপটপ উদ্ধারে ভূমিকা এবং পুলিশের পেশাদারিত্বের স্বীকৃতি হিসেবে আইজিপি নাটোর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনসুর রহমান ও উপপরিদর্শক (এসআই) মোহাম্মদ শাহাদাত হোসেনকে আর্থিক পুরস্কার দেন।